

খুলনা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ,  
খুলনা ওয়াসা, খুলনা।

সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডার (ব্যাংক) অংশগ্রহণে সভার কার্যবিবরণী

তারিখ ও সময় : ১৪ নভেম্বর, ২০২১ ইং, সকাল ১১:০০ মিনিট


সভার স্থান : কক্ষ নং- ৩০১, (সভাকক্ষ) খুলনা ওয়াসা, খুলনা।

সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডার (ব্যাংক) অংশগ্রহণে সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানান এবং স্বাগত বক্তব্য জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

| আলোচ্য বিষয়   | আলোচনা  |
|--|---|
| ১) খুলনা ওয়াসার নতুন এ্যাপ্লের মাধ্যমে বিল পোষ্টিং নিশ্চিত করণ। | খুলনা ওয়াসার নতুন এ্যাপ্লের মাধ্যমে ব্যাংক গ্রাহকের নিকট হতে জমাকৃত বিল সরাসরি অনলাইনে পোষ্টিং নিশ্চিত করবেন। এই বিষয়ে জনতা ব্যাংক খুলনা এর বিভিন্ন শাখার কর্মকর্তাদের যে প্রশিক্ষণের মাধ্যমে অবহিত করার ব্যবস্থা করা হয়ে ছিলো সে বিষয়ে এবং বিল গ্রহণ - পোষ্টিং এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। |
| ২) বিল জমা গ্রহণের বিষয়ে সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।              | বিল জমা গ্রহণের ব্যাপারে সাবধানতা অবলম্বন করতে হবে মর্মে আলোচনা করা হয়, একমাসের বিল অর্থাৎ নির্ধারিত তারিখের মধ্যে বিল পরিশোধ করার মেয়াদ উত্তীর্ণ বিল যে ব্যাংক জমা গ্রহণ না করে এবং প্রতিদিনের অনলাইন পোষ্টিং প্রতিদিন সম্পন্ন করতে হবে মর্মে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।                          |
| ৩) গ্রাহক সেবার মান সন্তোষজনক করা প্রসঙ্গে।                      | গ্রাহক সেবার মান সন্তোষজনক করা লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। খুলনা ওয়াসার নতুন এ্যাপ্লের মাধ্যমে ব্যাংক গ্রাহকের নিকট হতে জমাকৃত বিল সরাসরি   |

| আলোচ্য বিষয়                          | আলোচনা  |
|---------------------------------------|---|
|                                       | <p>অনলাইনে পোস্টিং নিশ্চিত করবেন এবং প্রতিবেদন পূর্বের ন্যায় যথাযথভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে মর্মে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>প্রতি মাসে ব্যাংকে জমাকৃত বিল যাতে নির্ধারিত সময়ের মধ্যে খুলনা ওয়াসা বরাবর প্রেরণ করা হয় এ বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ করা হয়।</p> |
| ৪) বিল গ্রহনে সমস্যা সমাধান প্রসঙ্গে। | <p>অনলাইনে ব্যাংক পোস্টিং এ কোন সমস্যা পরিলক্ষিত হলে তখনই দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করণের মাধ্যমে সমস্যা সমাধান করতে হবে মর্মে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।</p>   |

পরিশেষে, উপস্থিত সকলকে অংশগ্রহন করার জন্য ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্থতা কামনা করে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

  
২৪/১১/২০২২

সভাপতি

বনিজ্যিক ব্যবস্থাপক,  
খুলনা ওয়াসা, খুলনা

অনুলিপি :

- ১। ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা, খুলনা।
- ২। উপ-ব্যবস্থাপনা পরিচালক, (অর্থ ও প্রশাসন) খুলনা ওয়াসা, খুলনা।
- ৩। বনিজ্যিক ব্যবস্থাপক, খুলনা ওয়াসা, খুলনা।
- ৪। শাখা ব্যবস্থাপক, সংশ্লিষ্ট ব্যাংক।
- ৫। রাজস্ব কর্মকর্তা, খুলনা ওয়াসা, খুলনা।
- ৬। সংশ্লিষ্ট নথি।